

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২৭.১৭-৫৮

তারিখঃ ০৮ ফাল্গুন ১৪২৪
২০ ফেব্রুয়ারি ২০১৮

আদেশ

যেহেতু, জনাব আবদুল আউয়াল, উপজেলা শিক্ষা অফিসার, তিতাস, কুমিল্লা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, প্রাথমিক তদন্ত প্রতিবেদন এবং প্রাসংজিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত কোড নম্বর ফাঁস হওয়া এবং ফাঁসকৃত কোডের ভিত্তিতে নম্বরপত্র পরিবর্তন করার বিষয়টি তদন্ত প্রতিবেদনে তথ্য প্রমাণভিত্তিক প্রতিফলিত না হওয়ায় তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব আবদুল আউয়াল, উপজেলা শিক্ষা অফিসার, তিতাস, কুমিল্লা-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।


২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-
২০.০২.১৮
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২৭.১৭-৫৮

তারিখঃ ০৮ ফাল্গুন ১৪২৪
২০ ফেব্রুয়ারি ২০১৮

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ✓ ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
- ৭। জনাব আবদুল আউয়াল, উপজেলা শিক্ষা অফিসার, তিতাস, কুমিল্লা।
- ৮। অফিস কপি।


২০.০২.১৮

(সুলতানা রাজিয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৯১